

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।



নং-স্বাঃ অধিঃ/প্রশা-৪/বিবিধ/সার্কুলার/২০১৮/ ৪৩৪৩

তারিখঃ ১১/১১/২০২০ ইং

।। নোটিশ ।।

সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য অধিদপ্তরে প্রতিদিনই দাপ্তরিক প্রয়োজনে উল্লেখযোগ্য সংখ্যক কর্মকর্তা/কর্মচারী আসা-যাওয়া করে থাকেন। অনেক ক্ষেত্রে সামাজিক দূরত্ব বজায় রাখা কঠিন হয়ে পরেছে। কেউ কেউ আবার মাস্কবিহীন ভাবে চলাফেরা করে থাকেন। এর ফলে অত্র দপ্তরে কর্মরত সকলের স্বাস্থ্য ঝুঁকি বৃদ্ধির আশংকা তৈরী হয়েছে। ইতিমধ্যে কেউ কেউ কোভিড-১৯ এর আক্রান্ত হয়ে চিকিৎসাধীন রয়েছেন। এহেন স্বাস্থ্য ঝুঁকি প্রতিরোধ না করা গেলে এবং কর্মকর্তা/কর্মচারীদের অসুস্থতার সংখ্যা বৃদ্ধি পেলে অত্র দপ্তরের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হবে।

এ অধিদপ্তরে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীসহ আগত সকল সেবা গ্রহীতাকে কোভিড-১৯ এর ঝুঁকি এড়ানোর লক্ষ্যে নিম্নবর্ণিত স্বাস্থ্য বিধি সমূহ সবাইকে আবশ্যিকভাবে মেনে চলার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা যাচ্ছে।

স্বাস্থ্য বিধি সমূহঃ

১. কর্মক্ষেত্রে সার্বক্ষণিক ভাবে মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে No Mask-No Entry & No service এই নীতি অনুসরণ করতে হবে।
২. সকল শাখার প্রবেশ মুখে No Mask-No Entry & No service লেখাটি কম্পিউটার কম্পোজ করে লাগিয়ে রাখতে হবে।
৩. বাধ্যতামূলকভাবে সামাজিক দূরত্ব/শারীরিক দূরত্ব বজায় রেখে কার্যক্রম পরিচালনা করতে হবে এবং বেশী লোকের সমাগম নিরুৎসাহিত করতে হবে।
৪. সাবান দিয়ে ঘন ঘন হাত ধুঁইতে হবে এবং হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে।

H. Immac
12/11/2020

ডাঃ শেখ মোহাম্মদ হাসান ইমাম
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

নং-স্বাঃ অধিঃ/প্রশাসন/সার্কুলার/২০১৮/ ৪৩৪৩/৩২৪

তারিখঃ ১১/১১/২০২০ ইং

- অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :
১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃ: আ: সহকারি পরিচালক (সমন্বয়)।
 ২. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ৩. পরিচালক ----- (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ৫. লাইন ডাইরেক্টর ----- (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ৬. উপ-পরিচালক ----- (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ৭. প্রোগ্রাম ম্যানেজার, ----- (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ৮. সহকারি পরিচালক, ----- (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ৯. প্রধান, স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ১০. সিস্টেম এনালিস্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ এবং ই-মেইলের মাধ্যমে সকলের নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
 ১১. প্রশাসনিক কর্মকর্তা ----- (সকল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ১২. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ১৩. পরিবহন কর্মকর্তা/সংগ্রহ ও সরবরাহ কর্মকর্তা/হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
 ১৪. জনাব -----

H. Immac
12/11/2020
(ডাঃ শেখ মোহাম্মদ হাসান ইমাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।